



খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা

KHULNA AGRICULTURAL UNIVERSITY, KHULNA

Website: www.kau.edu.bd, E-mail : registrar@kau.edu.bd, drshajahan1977@gmail.com

স্মারক নং- খুকৃবি/রেজি.কার্যা/প্রশাসন-২/শিক্ষক-২৩/২০২০/৭৯৫(ক)

তারিখ: ২০ জুন ২০২৩ খ্রিঃ

অফিস আদেশ

জনাব সাহাবুদ্দীন আহমেদ, সহকারী অধ্যাপক, এনিম্যাল নিউট্রিশন বিভাগ, খুকৃবি, খুলনা -কে Jashore University of Science and Technology, Jashore এ Ph.D ডিগ্রী অর্জনের জন্য খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ের ছুটি বিধিমালা ২০২১ এর ৩৯(৮)(ক) এবং ৩৯(৯)(ঈ) ধারা অনুযায়ী ১২-০৭-২০২৩ হতে ১১-০৭-২০২৬ তারিখ পর্যন্ত মোট ০৩ (তিন) বছর মাস পূর্ণ গড় বেতনে নিম্নবর্ণিত শর্তে শিক্ষাছুটি মঞ্জুর করা হলোঃ

শর্তাবলীঃ

- ১। তাঁর মঞ্জুরীকৃত শিক্ষা ছুটিকালকে প্রেষণ হিসেবে এবং প্রেষণে থাকাকালীন সময়কালকে কোয়ালিফাইং সার্ভিস হিসেবে গণ্য করতঃ তিনি বার্ষিক ইনক্রিমেন্ট, বাড়ি ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, উৎসব ভাতা ও পেনশন সহ যাবতীয় আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।
- ২। তিনি পিএইচ.ডি ডিগ্রী কোর্স সমাপ্তির পর বিশ্ববিদ্যালয়ে স্ব-পদে যোগদান করে ০৩ বছর চাকুরি করতে বাধ্য থাকবেন।
- ৩। প্রতি বছরান্তে তিনি পিএইচ.ডি ডিগ্রী কোর্স অধ্যয়নের অগ্রগতি সম্পর্কে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অবহিত করবেন এবং অগ্রগতির প্রতিবেদন সম্ভোষণক বিবেচিত না হলে সিন্ডিকেট কর্তৃক মঞ্জুরকৃত শিক্ষা ছুটি বাতিল/প্রত্যাহার করা যেতে পারে।
- ৪। পিএইচ.ডি ডিগ্রী অর্জনে ব্যর্থ হলে শিক্ষাছুটি/প্রেষণে থাকাকালীন সময়ে তিনি এই বিশ্ববিদ্যালয় হতে যে পরিমাণ অর্থ গ্রহণ করবেন উহার সমপরিমাণ অর্থ ১৫% সরল সুদে তাকে অবশ্যই বিশ্ববিদ্যালয়ের তহবিলে ফেরত দিতে বাধ্য থাকবেন এবং ভবিষ্যতে কোন ডিগ্রী/উচ্চতর শিক্ষার জন্য শিক্ষাছুটি প্রদান করা হবে না।
- ৫। শিক্ষাছুটি সমাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে যোগদানপত্রসহ সংশ্লিষ্ট ডিগ্রির সনদপত্র বিশ্ববিদ্যালয়ে দাখিল করতে হবে।
- ৬। শিক্ষা ছুটি মঞ্জুরিপ্রাপ্ত শিক্ষককে নির্ধারিত ফরমে নন-জুডিশিয়াল স্ট্যাম্প বিশ্ববিদ্যালয়ের সহিত একটি বন্ধকপত্র সম্পাদন করতে হবে।
- ৭। মূল জামিনদার যদি শিক্ষা ছুটিধারীর শিক্ষাছুটি কালীন সময়ে বিশ্ববিদ্যালয় থেকে গ্রহণকৃত অর্থ ১৫% সরল সুদে বিশ্ববিদ্যালয় তহবিলে জমা দিতে ব্যর্থ হন সেই ক্ষেত্রে বিকল্প জামিনদার সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন।
- ৮। এছাড়া তিনি সিন্ডিকেট কর্তৃক আরোপিত যে কোন শর্ত মানতে বাধ্য থাকবেন।

ভাইস-চ্যান্সেলরের অনুমোদনক্রমে

স্বাক্ষর

ডাঃ খন্দকার মাজহারুল আনোয়ার

রেজিস্ট্রার

খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়

তারিখ: ২০ জুন ২০২৩ খ্রিঃ

স্মারক নং- খুকৃবি/রেজি.কার্যা/প্রশাসন-২/শিক্ষক-২৩/২০২০/৭৯৫(ক)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জনাব সাহাবুদ্দীন আহমেদ, সহকারী অধ্যাপক, এনিম্যাল নিউট্রিশন বিভাগ, খুকৃবি, খুলনা।
- ২। ড. মোঃ তসলিম হোসেন, সহকারী অধ্যাপক, এনিম্যাল নিউট্রিশন বিভাগ, খুকৃবি, খুলনা।
(জনাব সাহাবুদ্দীন আহমেদ'র শিক্ষা ছুটিকালীন সময়ে সংশ্লিষ্ট শিক্ষকের একাডেমিক দায়িত্ব পালনের অনুরোধসহ)
- ৩। ডিন, ভেটেরিনারি, এনিম্যাল অ্যান্ড বায়োমেডিকেল সায়েন্সেস অনুষদ, খুকৃবি, খুলনা। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৪। বিভাগীয় প্রধান, এনিম্যাল নিউট্রিশন বিভাগ, খুকৃবি, খুলনা। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৫। বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (সকল)/হেলথ কেয়ার সেন্টার/হল প্রভোস্ট, খুকৃবি, খুলনা।
- ৬। অর্থ ও হিসাব শাখা, খুকৃবি, খুলনা।
- ৭। পরিষদ শাখা, রেজিস্ট্রার কার্যালয়, খুকৃবি, খুলনা। (পরবর্তী সিন্ডিকেট অধিবেশনে রিপোর্ট করার অনুরোধসহ)
- ৮। ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন), খুকৃবি, খুলনা। (ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ)
- ৯। পিএস টু ডিসি, ভাইস চ্যান্সেলর সচিবালয়, খুকৃবি, খুলনা।
- ১০। পিএ টু ট্রেজারার, খুকৃবি, খুলনা।
- ১১। পিএ টু রেজিস্ট্রার, খুকৃবি, খুলনা।
- ১২। অফিস/মাস্টার কপি।

ডাঃ খন্দকার মাজহারুল আনোয়ার

রেজিস্ট্রার

খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়